ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১১৬৮
আগরতলা, ১৩ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'শান্তিরবাজারে আক্রান্ত শিক্ষক' শিরোনামে ২১-০৫-২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি স্পষ্টিকরণ দেওয়া হয়েছে। দক্ষিণ ত্রিপুরা জেলা পুলিশ এর এক রিপোর্ট এর উপর ভিত্তি করে জানানো হয়েছে যে, শান্তিরবাজার থানার ওসি সংবাদের সত্যতা খতিয়ে দেখতে উক্ত শিক্ষক দুলাল বিশ্বাসের সাথে কথা বলেন। শিক্ষক ওসি-কে জানান যে, ২০-০৫-২০২৫ তারিখে রাত ৮টা নাগাদ শান্তিরবাজার বাজারে ২-৩ জন অপরিচিত লোকের সাথে তার তর্কাতর্কি হয় এবং এর বেশি তিনি আর কিছু বলতে অস্বীকার করেন এবং পুলিশের কাছে কোন অভিযোগ দায়ের করতেও অনিচ্ছা প্রকাশ করেন।

******